

বেসরকারি ইস্টার্ন ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তন (কনভোকেশন) অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সাভারের বিরুলিয়া-আকরান সড়কের আশুলিয়া মডেল টাউনে প্রতিষ্ঠানটির নবনির্মিত স্থায়ী ক্যাম্পাসে দিনব্যাপী এ সমাবর্তন হয়। রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের প্রতিনিধি হিসেবে এ সমাবর্তনে সভাপতিত্ব করেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। অনুষ্ঠানে ইউনিভার্সিটির চারটি অনুষদ থেকে সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত ৯ শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে যুক্তরাষ্ট্র দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স জোয়ান ওয়্যাগনার। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ। অতিথি হিসেবে বক্তব্য দেন ইস্টার্ন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান লিয়াকত হোসেন মোগল। স্বাগত বক্তব্য দেন উপাচার্য অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন।

সমাবর্তন অনুষ্ঠানে সনদ ও গোল্ড মেডেলপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন, এই অর্জনের সুফল দেশ ও জাতির উন্নয়নে কাজে লাগাতে হবে। তিনি উচ্চশিক্ষার প্রসারে সরকার এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতার কথা উল্লেখ করেন।

জোয়ান ওয়্যাগনার সব শিক্ষার্থীকে বৈশ্বিক নাগরিক হয়ে উঠার আহ্বান জানান। অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ সব বিশ্ববিদ্যালয়কে সরকারি বিধিবিধান মেনে চলার অনুরোধ জানান। তিনি বলেন, সুনাম রক্ষার জন্য প্রতিটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিজেদেরই তাগিদ ও চেষ্টা থাকতে হবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আন্দোলন নিয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে শিক্ষা উপমন্ত্রী বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আন্দোলনকারী শিক্ষক ও শিক্ষার্থীরা উপাচার্যের বিরুদ্ধে কিছু অভিযোগ শিক্ষা মন্ত্রণালয়ে জমা দিয়েছেন। সেই সঙ্গে উপাচার্যের পক্ষ থেকেও আন্দোলনকারীদের বিপক্ষে মন্ত্রণালয়ে অভিযোগপত্র দেওয়া হয়েছে। সরকার এসবের নিরপেক্ষ তদন্ত করবে। তিনি বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে গুটিকয়েক শিক্ষক শিক্ষার্থী আন্দোলন করছে। শিক্ষার পরিবেশ ও ছাত্র-ছাত্রীদের জীবন নষ্ট করে তারা উপাচার্যের বিরুদ্ধে ঢাকটোল ও কাসা পিটিয়ে আন্দোলন করছে।

ইস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য সহিদ আকতার হুসাইন বলেন, বিশ্ববিদ্যালয়টি এ বছরের জানুয়ারি মাস থেকে সাভারের আশুলিয়ায় নিজস্ব ক্যাম্পাসে স্থানান্তরিত হয়েছে। বাকি কিছু অংশ এবং প্রশাসনিক কার্যক্রম এখনো ধানমন্ডি থেকে পরিচালিত হচ্ছে। এখানে প্রায় সাড়ে তিন হাজার শিক্ষার্থী অধ্যয়ন করছে। বিশ্ববিদ্যালয়ে বর্তমানে চারটি অনুষদ এবং এসব অনুষদের অধীনে ১১টি প্রগ্রাম আছে। ২০০৩ সালে প্রতিষ্ঠা করা এ ইউনিভার্সিটি থেকে ২০১৬ সালের ফল সেমিস্টার থেকে শুরু করে এ বছরের সামার সেমিস্টার পর্যন্ত মোট দুই হাজার ৯২৪ জন গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছেন।